> ক্রিকেটের জন্য আমরা বিভিন্ন দেশে যাই। কিন্তু এবারের সফরটা একেবারে অন্যরকম। এখানে ক্রিকেটের একটা নতুন দিগন্ত খুলে যাবে।
>
> **ঋষভ পন্থ**

‘দেশ ছাড়ছি’, বার্তা এমবাপের

আজকালের প্রতিবেদন

লিয়ঁর বিরুদ্ধে ফ্রেঞ্চ কাপের ফাইনালটাই ছিল পিএসজি-র জার্সিতে কিলিয়ান এমবাপের খেলা শেষ ম্যাচ। কার্যত সেদিনই তিনি দল ছাড়ার বিষয়টি নিশ্চিত করে দিয়েছিলেন। যদিও নিজের পরবর্তী গন্তব্য নিয়ে এখনও মুখ খোলেননি এই ফরাসি তারকা। ফ্রেঞ্চ কাপ জিতে এমবাপে জানিয়েছিলেন, সঠিক সময়েই নতুন ক্লাবের নাম বলবেন। এবার তিনি সরাসরি দেশ ছাড়ার কথাও জানিয়ে দিলেন। যার ফলে তাঁর রিয়েল মাদ্রিদে যোগ দেওয়ার জল্পনা আরও জোরদার হল।

বের্নাব্যুই যে এমবাপের নতুন ঠিকানা, তা একপ্রকার নিশ্চিত বলা চলে। কিন্তু সরকারি ঘোষণা না হওয়া পর্যন্ত কেউই জোর দিয়ে কিছু বলতে পারছেন না। তাই অপেক্ষা এই তারকা ফুটবলার বা তাঁর নতুন ক্লাব কবে সরকারিভাবে বিবৃতি জারি করে।

বৃহস্পতিবার এমবাপে বলেছেন, ‘আমি শীঘ্রই পরবর্তী ক্লাবের নাম জানাব। এবার নিজের দেশ ছাড়তে চলেছি। নতুন ক্লাবে নতুন সতীর্থদের সঙ্গে খেলার জন্য মুখিয়ে আছি। এখনও আমি পিএসজি-র ফুটবলার। আর কয়েকদিন পরই চুক্তি শেষ হবে। ততদিন অপেক্ষা করুন।’

২০১৭ সালে মোনাকো থেকে পিএসজি-তে যোগ দিয়েছিলেন এমবাপে। তারপর বিগত সাত বছরে ক্লাবের সর্বকালের শীর্ষ গোলদাতা হয়ে ওঠেন তিনি। ক্লাবের হয়ে জিতেছেন ৬টি ফরাসি লিগ, ৪টি ফ্রেঞ্চ কাপ-সহ অসংখ্য ট্রফি। সেই এমবাপের দল ছাড়া যে পিএসজি-র কাছে বড় ধাক্কা, তা বলাই বাহুল্য।

হারের পর হতাশ কার্লসেন। হাসি ফুটল প্রজ্ঞানন্দের মুখে। ছবি: এক্স

কার্লসেনকে হারিয়ে শীর্ষে ফের চমক প্রজ্ঞানন্দর

আজকালের প্রতিবেদন

ফের বড় চমক রমেশবাবু প্রজ্ঞানন্দর। ভারতীয় দাবার এই বিস্ময় বালক আবার হারিয়ে দিলেন ম্যাগনাস কার্লসেনকে। বিশ্বের একনম্বর দাবাড়ু কার্লসেনকে র‍্যাপিড দাবায় আগেও হারিয়েছেন প্রজ্ঞানন্দ। কিন্তু ক্লাসিকাল দাবায় এই প্রথম হারালেন। গতবছর বিশ্বকাপ ফাইনালে দুরন্ত লড়াই করেও কার্লসেনের কাছে হার মানতে হয়েছিল ১৮ বছরের প্রজ্ঞাকে।

কার্লসেনের দেশ নরওয়েতে অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় অংশ নিচ্ছেন ৬ জন দাবাড়ু। দ্বিতীয় রাউন্ডে বিশ্ব চ্যাম্পিয়ন ডিং লিরেনের কাছে হারতে হয়েছিল তামিলনাড়ুর গ্র্যান্ডমাস্টারকে। কিন্তু তৃতীয় রাউন্ডে দুরন্ত জয়ের পর একেবারে শীর্ষে চলে এলেন প্রজ্ঞানন্দ। তিন রাউন্ডের পর তাঁর পয়েন্ট ৫.৫। অন্যদিকে, বিশ্ব চ্যাম্পিয়ন কার্লসেনের পয়েন্ট মাত্র ৩। তিনি রয়েছেন তিন নম্বরে। অন্যদিকে, লিরেনকে হারিয়ে দু’নম্বরে চলে এলেন আমেরিকার ফাবিয়ানো কারুয়ানা। তাঁর পয়েন্ট ৫।

একদিকে প্রজ্ঞানন্দ যেমন পুরুষ বিভাগের শীর্ষে, অন্যদিকে মেয়েদের বিভাগে শীর্ষে তাঁরই দিদি আর বৈশালী। তাঁরও পয়েন্ট ৫.৫। তৃতীয় রাউন্ডে তিনি হারালেন ইউক্রেনের আনন্না মুজিচুককে। কোনেরু হাম্পি হারালেন চীনের টিংলি লেই-কে। হাম্পি যুগ্মভাবে রয়েছেন তিন নম্বরে।

মেসিদের হার

আজকালের প্রতিবেদন

গোল করলেন। কিন্তু দলকে জেতাতে পারলেন না লিওনেল মেসি। মেজর লিগ সকারে আটলান্টা ইউনাইটেডের কাছে ৩-১ গোলে হারল ইন্টার মায়ামি। টানা ১০টি ম্যাচ জয়ের পর বৃহস্পতিবার ঘরের মাঠে হারের মুখে পড়ল তারা।

আটলান্টার হয়ে জোড়া গোল সাবা লোবঝানিদজের। ৪৪ মিনিটে প্রথম গোল করেন তিনি। দ্বিতীয়ার্ধের ৫৯ মিনিটে ফের গোল তাঁর। এরপর দূরপাল্লার শট থেকে গোল করে ব্যবধান কমান মেসি। কিন্তু ৭৩ মিনিটে জামাল থিয়ারের গোলে আটলান্টার জয় নিশ্চিত হয়ে যায়। ম্যাচ হারলেও ৩৪ পয়েন্ট নিয়ে মেজর লিগ সকারের শীর্ষেই রয়েছে ইন্টার মায়ামি। এরমধ্যেই জল্পনা ছড়িয়েছে, মেসির জাতীয় দলের সতীর্থ ডি মারিয়াও মায়ামিতে আসতে চলেছেন। সেদেশের সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, আগামী বছর পরিবার নিয়ে আমেরিকায় থিতু হতে পারেন তিনি। সেখানে গিয়ে পুরনো বন্ধু মেসির সঙ্গে খেলতে চান মারিয়া। আর্জেন্টাইন তারকা অবশ্য এই বিষয়ে কিছুই বলেননি।

মারিনের কাছে টানা ৬ হার সিন্ধুর

আজকালের প্রতিবেদন

সিঙ্গাপুর ওপেন থেকে বিদায় পিভি সিন্ধুর। প্রি-কোয়ার্টার ফাইনালে হারলেন ক্যারোলিনা মারিনের কাছে। ফল ২১-১৩, ১১-২১, ২০-২১।

শুরু থেকেই দাপট ছিল সিন্ধুর। প্রথম গেমে দারুণভাবেই এগিয়ে গেলেন। কিন্তু দ্বিতীয় গেমে এসে ছন্দপতন। সমতা ফেরালেন মারিন। তৃতীয় গেমে আবার সিন্ধুর সেই চেনা দাপট। একটা সময় ১৮-১৫-তে এগিয়ে গেলেন। ম্যাচ পয়েন্ট থেকে আর মাত্র তিন ধাপ দূরে। সেখান থেকে রাশ আলগা হতে লাগল সিন্ধুর। শেষবেলায় বাজিমাত করলেন মারিন।

বিশ্ব র‍্যাঙ্কিংয়ে এইমুহূর্তে মারিন রয়েছেন ৩ নম্বরে, সেখানে সিন্ধু ১৫ নম্বরে। মুখোমুখি লড়াইয়েও অনেকটাই এগিয়ে মারিন। দু’জনের দেখা হয়েছে ১৭ বার। তার মধ্যে ১২ বার জয়ী মারিন। শেষ ৬ ম্যাচের সব ক’টিতেই হারতে হয়েছে সিন্ধুকে। ম্যাচের পর সিন্ধু জানালেন, ‘এই ম্যাচেও ভাল জায়গাতেই ছিলাম। অলিম্পিক আর খুব দূরে নেই। নিজের ফোকাস ধরে রাখাটা খুব জরুরি। সেখানে সবাই কিন্তু পদক জেতার জন্যই আসছে।’

তৃতীয় রাউন্ডে জকোভিচ

আজকালের প্রতিবেদন

স্ট্রেট সেটে জিতে ফ্রেঞ্চ ওপেনের তৃতীয় রাউন্ডে খুব সহজেই পৌঁছে গেলেন শীর্ষ বাছাই নোভাক জকোভিচ। বৃহস্পতিবার তিনি মুখোমুখি হন স্পেনের রবার্তো কারবায়েস বায়েনার। প্রথম সেটে কিছুটা চাপে পড়লেও শেষ পর্যন্ত জকোভিচ ৬-৪, ৬-১, ৬-২ সেটে জয়লাভ করেন। এই জয়ে গতবারের খেতাব ধরে রাখার দিকে আরও একধাপ এগোলেন ২৪বারের গ্র্যান্ড স্লাম চ্যাম্পিয়ন। পুরুষদের অন্যান্য ম্যাচে জিতেছেন ইয়ানিক সিনার, আলেকজান্ডার জেরেভ, গ্রিগর দিমিত্রভ। ডেভিড গফানের বিরুদ্ধে কোনও সেট না হারিয়ে জিতে জেরেভ প্রমাণ করলেন, নাদালের বিরুদ্ধে জয় কোনও অঘটন ছিল না। দ্বিতীয় রাউন্ডে বিদায় নিয়েছেন স্টানিসলাস ওয়ারিঙ্কা।

মহিলাদের সিঙ্গলসে তৃতীয় রাউন্ডে পৌঁছে গিয়েছেন অ্যারিনা সাবালেঙ্কা। জাপানের মোয়ুকা উচিজিমাকে ৬-২, ৬-২ সেটে উড়িয়ে দেন দ্বিতীয় বাছাই এই খেলোয়াড়। চতুর্থ বাছাই এলিনা রিবাকিনা স্ট্রেট সেটে আরান্তা রুসকে হারিয়ে পরের রাউন্ডে পৌঁছে গিয়েছেন। এদিন বৃষ্টির কারণে দীর্ঘক্ষণ খেলা বন্ধ ছিল।

প্রথম ম্যাচেই মনোজ বনাম আকাশদীপ

আজকালের প্রতিবেদন

বেঙ্গল প্রো টি২০ লিগের প্রথম ম্যাচেই মহারণ দেখতে চলেছেন বাংলার ক্রিকেটপ্রেমীরা। প্রথম ম্যাচে মুখোমুখি হতে চলেছে সার্ভোটেক শিলিগুড়ি স্ট্রাইকার্স ও হারবার ডায়মন্ডস। হারবার ডায়মন্ডসের নেতৃত্বে রয়েছেন বাংলার তারকা খেলোয়াড় মনোজ তেওয়ারি। অন্যদিকে, শিলিগুড়ি স্ট্রাইকার্সের অধিনায়কত্ব সামলাবেন তারকা পেসার আকাশদীপ। ১১ জুন সন্ধে ৭টায় ইডেন গার্ডেন্সে দুই দল খেলতে নামছে প্রথম ম্যাচে। সেরা চার দল সেমিফাইনালে যাবে। শীর্ষে থাকা দল খেলবে চতুর্থ স্থানে লিগ পর্ব শেষ করা দলের বিরুদ্ধে। অপর সেমিফাইনালে লড়বেন দ্বিতীয় ও তৃতীয় স্থানে থাকা দুই দল। ফাইনাল হবে ২৮ জুন। পুরুষদের বিভাগের ম্যাচগুলি প্রতিদিন দুপুর ১.৩০ এবং সন্ধে ৭টা থেকে, ইডেন গার্ডেন্সে। মহিলাদের প্রতিযোগিতা শুরু ১২ জুন। ম্যাচগুলি সকাল ৮.৩০ এবং দুপুর ১টায় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সল্টলেক ক্যাম্পাসে হতে চলেছে।

এ বছরের শুরুতে ভারতীয় টেস্ট দলে স্বপ্নের অভিষেক ঘটেছে আকাশদীপের। আইপিএলে ছিলেন বিরাট কোহলিদের রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুতে। নিজের অভিজ্ঞতা কাজে লাগানোর বিষয়ে আত্মবিশ্বাসী তিনি, ‘বেঙ্গল প্রো টি২০ লিগ আসবে যেদিন থেকে শুনেছি, রোমাঞ্চিত ছিলাম। এই বছরটা ক্রিকেটে আমার খুব ভাল গিয়েছে। প্রথমে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে খেলতে ভারতীয় এ দলে সুযোগ পাই। তারপর রনজিতেও ভাল খেলি। ভারতীয় দলে ডাক চলে আসে। আমি এমন একজন, যে শুধুমাত্র ভারতীয় দলে ডাক পাওয়াতে সন্তুষ্ট হই না। ৫০-১০০টা টেস্ট উইকেট নেওয়াই আমার জীবনের লক্ষ্য।’

কার্বো-সেরামিকস লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৩১, চৌরঙ্গি রোড, কলকাতা-৭০০০১৬
CIN: L26999WB1902PLC001537 ; ফোন: (০৩৩) ২২৬৫ ৯৭৪২
ওয়েবসাইট: www.carbo-ceramics.com; ই-মেল: secretarial@carbo-ceramics.com

৩১ মার্চ, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিক ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফল সম্পর্কিত বিবৃতি

(লক্ষ টাকায়)

ক্রম নং	বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক			সমাপ্ত বছর	
		৩১.০৩.২০২৪	৩১.১২.২০২৩	৩১.০৩.২০২৩	৩১.০৩.২০২৪	৩১.০৩.২০২৩
		(নিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(নিরীক্ষিত)
১	কারবার থেকে মোট আয়	১৪.৪৯	১৩.২৮	১১.২৩	৮৫.৮৭	৭৫.৫৮
২	সংশ্লিষ্ট মেয়াদে/বছরে নেট মুনাফা [কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের আগে]	১১.৪০	১১.০৩	৭.৫৪	৭৫.০০	৬৫.৬৮
৩	কর-পূর্ব নেট মুনাফা [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে]	১১.৪০	১১.০৩	৭.৫৪	৭৫.০০	৬৫.৬৮
৪	কর-পরবর্তী নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে]	২৭.৪২	৮.৭৭	৫.৬৮	৬৯.৯১	৪৮.৫৭
৫	মোট বোধগম্য আয়/(ক্ষতি) [কর-পরবর্তী মুনাফা এবং কর-পরবর্তী অন্যান্য বোধগম্য আয় অন্তর্ভুক্ত করে]	২০২.৪৪	২১৩.৩০	(৩৭৫.১৬)	১,২২৯.২৪	(৭৭৭.২৬)
৬	আদায়ীকৃত ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটি ইকুইটি শেয়ারের অভিহিত মূল্য ₹৮.৫০/-)	৭৯.৯০	৭৯.৯০	৭৯.৯০	৭৯.৯০	৭৯.৯০
৭	অন্যান্য ইকুইটি				২,৮৬০.১১	১,৬৩০.৮৭
৮	শেয়ার প্রতি আয় (বার্ষিকীকৃত নয়)					
	(ক) বুনিয়াদি (₹)	২.৯২	০.৯৩	০.৬০	৭.৪৪	৫.১৬
	(খ) মিশ্রিত (₹)	২.৯২	০.৯৩	০.৬০	৭.৪৪	৫.১৬

দ্রষ্টব্য:
উপরিলিখিত বিবৃতিটি ৫ জুলাই, ২০১৬ তারিখের সার্কুলার নং সিআইআর/ সিএফডি/ এফএসি/৬২/ ২০১৬ দ্বারা পরিমার্জিত সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ মোতাবেক স্টক এক্সচেঞ্জসমূহে পেশ করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ বয়ানের সংক্ষিপ্তসার। এই আর্থিক ফলাফলের পূর্ণ বয়ান কলকাতা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট-সহ এই কোম্পানির ওয়েবসাইটেও (www.carbo-ceramics.com) উপলব্ধ রয়েছে।

বোর্ডের আদেশানুসারে
কার্বো-সেরামিকস লিমিটেড-এর পক্ষে
স্বাঃ-
এস মার্দা
(ডিরেক্টর)
DIN : 00065359

স্থান : কলকাতা
তারিখ : ৩০ মে, ২০২৪

TATA

টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড ঠিকানা: ফ্লোর নং ১১, টাওয়ার ‘এ’, পেনিনসুলা বিজনেস পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই- ৪০০০১৩
ব্রাঞ্চের ঠিকানা: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

|সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১) সহ পঠনীয় রুল ৮(৬) এর অধীনে|

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১) এবং রুল ৮(৬)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং/সহ-ঋণগ্রহীতা বা তাঁদের আইনি উত্তরাধিকারীগণ/ প্রতিনিধিগণ (‘ঋণগ্রহীতাগণ’)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড (টিসিএইচএফএল)**-এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, যা টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন, তা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ-ঋণগ্রহীতাগণের থেকে নীচে লেখা অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য ‘যেখানে আছে’, ‘যেমন আছে’ এবং ‘যা কিছু আছে’ এবং ‘কোনও রিকোর্স ছাড়া’ ভিত্তিতে ১৯.০৬.২০২৪ তারিখে বিক্রি করা হবে। সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) এখানে নীচে উল্লেখ করা হয়েছে। এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই বিক্রি স্থগিত রাখা/ বন্ধ করা না-হলে নিম্নবর্ণিত সম্পত্তি ১৯.০৬.২০২৪ তারিখে দুপুর ২টোয় ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। **ই-নিলামে অংশগ্রহণের জন্য নির্ধারিত ইএমডি অর্থাঙ্ক বাবদ ডিমান্ড ড্রাফট সমেত দরপ্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ ১৮.০৬.২০২৪ বিকেল ৫টার মধ্যে টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিকের কাছে ব্রাঞ্চের এই ঠিকানায় জমা দিতে হবে: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬।**
সুরক্ষিত পরিসম্পদ/স্থাবর সম্পত্তির বিক্রি ‘যেখানে আছে’ ভিত্তিতে আয়োজিত হবে যেগুলির তথ্য এখানে নীচে সংক্ষেপে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর এবং ব্রাঞ্চ	ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)-এর নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	বায়না জমা	দখলের প্রকৃতি
১.	9522133	শ্রী রাজা মুখার্জি শ্রীমতী পিয়ালী মুখার্জি	₹৭,৫৩,৭৭৬/- (সাত লক্ষ তিপান্ন হাজার সাতশো ছিয়াত্তর টাকা মাত্র) এবং ১০.০৪.২০২৩	₹৮,৫০,০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র)	₹৮৫,০০০/- (পঁচাশি হাজার টাকা মাত্র)	বাস্তবিক
	স্থাবর সম্পত্তির বর্ণনা: স্থাবর সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, বিল্ডিং নং ১৩ টাইপ এ এর ৫ম তলে ফ্ল্যাট ইউনিট নং ৪০৩, যার সুপার বিল্ট আপ এরিয়া কম বেশি ৪২৮ বর্গফুট (মোজাইক মেঝে) জমির অবিভাজ্য সম পরিমাণ অংশ সহ, অংশত ভাড়ামুক্ত এবং অংশত মৌরসী মোকারারি এবং অংশত রায়তি স্থিতিবন গার্ডেন এবং হোমস্টেড জমি, রেকর্ডভুক্ত মাপ কম বেশি প্রায় ১৮.৮৯ একর তার উপর বিল্ডিং এবং কাঠামো সহ, কমন এলাকার ভোগদখলের সুবিধা সহ, হোল্ডিং নং ২৭এফ (এখন ২৯এফ), পিয়ারলেস নগর, ব্যারাকপুর ট্রাঙ্ক রোড, পানিহাটি পুরসভার অধীন, কলকাতা-৭০০১১৪ এবং উক্ত বিল্ডিংয়ের মৌজা-সুখচর, দাগ নং ১৫২০ অধীনস্থ খতিয়ান নং ১১০৪, পানিহাটি পুরসভার অধীন ওয়ার্ড নং ৩, থানা খড়দহ, জেলা উত্তর ২৪ পরগনা।				
২.	9437713	সৌন্দর্য ফ্যাশন ট্রেডার্স প্রাইভেট লিমিটেড ইহার ডিরেক্টর মিঃ উমেশ ভারেচ এর মাধ্যমে মিঃ উমেশ ভারেচ	₹১,১৩,৪৫,০৮৯/- (এক কোটি তেরো লক্ষ পঁয়তাল্লিশ হাজার উননব্বই টাকা মাত্র) এবং ১০.০৫.২০১৭	₹৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ টাকা মাত্র)	₹৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র)	বাস্তবিক
	স্থাবর সম্পত্তির বর্ণনা: ‘ন্যাচারাল হাইটস’ নামক অ্যাপার্টমেন্টের ৯ নং বিল্ডিংয়ের ৫ নং ফ্লোরে সামান্য কমবেশি ২১০২ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ফ্ল্যাট নং ‘সি’-এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: ১৩৭, কাজি নজরুল ইসলাম অ্যাভিনিউ (ভিআইপি রোড), কৈখালি, থানা- রাজারহাট, কলকাতা- ৭০০০৫২, এটি সামান্য কমবেশি ২.৭১ একর মাপের জমিতে নির্মিত, তৎসহ এর উপরিস্থিত ভবন, আবাসবাড়ি যা বিভিন্ন দাগ নম্বরে স্থিত, মৌজা- কৈখালি, জে এল নং ৫, থানা- রাজারহাট, বর্তমানে এয়ারপোর্ট, জেলা- উত্তর ২৪ পরগনা, সাব রেজিস্ট্রি অফিস- বিধাননগর, রাজারহাট গোপালপুর পুরসভার এলাকাধীন।				
৩.	TCHHL 05000001 00000516	শ্রী অজিত কুমার শ্রীমতী পুনম দেবী শ্রী শিব প্রসাদ শাহ	₹১৪,১৪,৬৪৭/- (চৌদ্দ লক্ষ চৌদ্দ হাজার ছশো সাতচল্লিশ টাকা মাত্র) এবং ১৫.১১.২০২৩	₹১৯,৯০,০০০/- (উনিশ লক্ষ নব্বই হাজার টাকা মাত্র)	₹১,৯৯,০০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার টাকা মাত্র)	বাস্তবিক
	স্থাবর সম্পত্তির বর্ণনা: স্থাবর সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, পঞ্চম তলে, উত্তর দিকে সামনের অংশে স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট নং ডি, মাপ সুপার বিল্ট আপ এরিয়া কম বেশি ৬০০ বর্গফুট, যাতে দুটি বেডরুম, একটি ডাইনিং তথা ড্রইং, একটি কিচেন, একটি টয়লেট আছে মোজেইক ফ্লোর এবং লিফটের সুবিধা সহ, নিজের জমির অবিভাজ্য সম পরিমাণ অংশ, জমির মাপ কম বেশি ১০ কাঠা, মৌজা-কৃষ্ণপুর (পুরাতন), শ্যামনগর (নতুন), জে এল নং-১৭ (পুরাতন), ৩২/২০ (নতুন), প্লট নং-৩৯০, আর এস দাগ নং-২৩৪৪, হোল্ডিং নং-৪০৪ (পুরাতন), ৬১৬/১২ (নতুন), দমদম পার্ক, কলকাতা-৭০০০৫৫, ওয়ার্ড নং-২৮, থানা লেকটাউন, দক্ষিণ দমদম পুরসভার অধীন, এডিএসআর বিধাননগর (সল্টলেক), জেলা উত্তর ২৪ পরগনা। **চৌহদ্দি: পূর্বে:** মিউনিসিপ্যাল রাস্তা, **পশ্চিমে:** খাল, **উত্তরে:** প্লট নং ৩৮৯/১, দমদম পার্ক, **দক্ষিণে:** প্লট নং ৩৯১ দমদম পার্ক।				

এই নিলামে অংশ নিতে নিজ নিজ দরপত্র ব্যক্তিগতরূপে জমা দেওয়ার জন্য জনসাধারণের প্রতি আমন্ত্রণ জানানো হচ্ছে। এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে বকেয়া সুদ সমেত পুরো অনাদায়ী বকেয়া অর্থাঙ্ক পরিশোধের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)-এর প্রতি শেষ সুযোগ দেওয়া হচ্ছে, যার অন্যথা হলে নির্ধারিত সূচি অনুযায়ী স্থাবর সম্পত্তিটি বিক্রি করা হবে। উপরিলিখিত বকেয়া অর্থাঙ্ক, সুদ ও মাসুল (বিক্রির খরচ ধরে) ‘অনুমোদিত আধিকারিকের’ হাতে তুলে দেওয়া হলে কিংবা উক্ত সুরক্ষিত ঋণ, সুদ ও মাসুলাদি মিটিয়ে দেওয়ার প্রমাণ দেখে তিনি সন্তুষ্ট হলে এই বিক্রি বন্ধ করে দেওয়া হবে।
এই বিক্রির সঙ্গে সম্পর্কযুক্ত বা এই বিক্রি সংক্রান্ত কাজের সঙ্গে জড়িত কোনও আধিকারিক বা অন্য কোনও ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রি হতে চলা এই স্থাবর সম্পত্তির কোনও স্বার্থ অধিগ্রহণ করতে পারবেন না।
এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্তাবলি সহ নিম্নলিখিত শর্তাবলি সাপেক্ষ হবে:
দ্রষ্টব্য: সম্পত্তির ই-নিলাম http://bankauctions.in পোর্টালের মাধ্যমে ১৯.০৬.২০২৪ তারিখে দুপুর ২টো থেকে দুপুর ৩টের মধ্যে প্রতি ক্ষেত্রে ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে আয়োজিত হবে।
শর্ত ও নিয়মাবলি:

১. এই তফসিলে উল্লিখিত বিবরণ নিম্নস্বাক্ষরকারীর সেরা জ্ঞান ও তথ্যানুযায়ী দেওয়া হয়েছে, তবে এই ঘোষণাপত্রে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য নিম্নস্বাক্ষরকারী কোনওভাবেই জবাবদিহি করতে বাধ্য নন। বিডের অর্থাঙ্ক বা বিডার সম্পর্কিত কোনও বিতর্ক দেখা দিলে অনুমোদিত আধিকারিকের সিদ্ধান্ত সাপেক্ষে উক্ত লটের সম্পত্তি পুনরায় নিলাম করা হবে। ২. **নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে সম্পত্তি বিক্রি করা হবে না।** ৩. বিড বাড়ানোর মূল্য হবে ₹১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র)। ৪. সম্পত্তি ক্রয়ের জন্য পেশ করা প্রতিটি বিডের সঙ্গে ওপরে উল্লিখিত বায়না মূল্য (ইএমডি) বাবদ **‘TATA CAPITAL HOUSING FINANCE LTD.’**-এর অনুকূলে কাটা ও ওপরে লেখা ব্রাঞ্চের ঠিকানায় **প্রদেয়মতে ডিমান্ড ড্রাফট** দিতে হবে। নিলামের পরে অসফল বিডারদের ডিমান্ড ড্রাফট ফেরত দেওয়া হবে। এনইএফটি/ আরটিজিএস/ আইএমপিএস-এর মাধ্যমে ইএমডি প্রদানের জন্য অনুগ্রহপূর্বক অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করুন। ৫. সর্বাধিক বিডারকে সম্পত্তির ক্রেতা ঘোষণা করা হবে এই শর্তসাপেক্ষে যে তিনি বিড করার জন্য আইনত যোগ্য এবং পাশাপাশি নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা তাঁর তরফে পেশ করা বিডমূল্য কম নয়। প্রস্তাবিত বিক্রয়মূল্য স্পষ্টতই অপর্যাপ্ত মনে হলে এবং এটি গ্রহণ করা অপরামর্শসিদ্ধ হলে সর্বাধিক দরপ্রস্তাব বাতিলের অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। ৬. নথিভুক্ত কোনও কারণে অনুমোদিত আধিকারিক এই বিক্রি স্থগিত/ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়ার অধিকারী। ৭. **আগাম যোগাযোগের পরে ১১.০৬.২০২৪ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে সম্পত্তি পরিদর্শন করা যাবে।** ৮. কোনও ব্যক্তিকে সফল ক্রেতা ঘোষণার তিনি সঙ্গে সঙ্গে বা ৪৮ ঘণ্টার মধ্যে অনুমোদিত আধিকারিকের কাছে ক্রয়মূল্যের পঁচিশ শতাংশ অর্থমূল্য জমা দেবেন এবং এরূপে অর্থ প্রদানে তিনি ব্যর্থ হলে সম্পত্তি পুনরায় নিলামের/ব্যক্তিগত চুক্তির মাধ্যমে বিক্রি করা হবে। ৯. উপরোক্তমতো প্রাথমিক অর্থাঙ্ক জমা দেওয়া হলে, ক্রয়মূল্যের বাকি অর্থাঙ্ক সফল ক্রেতা সম্পত্তির বিক্রি নিশ্চিতকরণের তারিখ থেকে ১৫তম দিনের মধ্যে (বিক্রির তারিখ বাদ দিয়ে এবং উক্ত ১৫তম দিনটি রবিবার বা কোনও ছুটির দিন হলে ১৫তম দিনের পরবর্তী অফিস চলার দিনে) অনুমোদিত আধিকারিকের কাছে জমা দেবেন। ১০. ওপরে লেখা নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থমূল্য প্রদানে ব্যর্থ হলে নতুন বিক্রির ঘোষণাপত্র জারির পরে/ ব্যক্তিগত চুক্তির মাধ্যমে সম্পত্তিটি পুনরায় বিক্রি করা হবে এবং খেলাপকারী ক্রেতা দ্বারা সেই তারিখ অবধি জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড** দ্বারা বাজেয়াপ্ত করা হবে এবং খেলাপকারী ক্রেতা উক্ত সম্পত্তি বা পরবর্তীতে যে অর্থমূল্যের বিনিময়ে সম্পত্তিটি বিক্রি হবে, তার ওপর সমস্ত দাবি হারাবেন। ১১. **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড** অবগত আছে, উক্ত সম্পত্তির ওপর এমন কোনও দায়ের বিশদ তথ্য: ওপরের টেবিলে উল্লেখ মতো। আগ্রহী বিডারদের প্রতি এই পরামর্শ দেওয়া হচ্ছে যাতে তাঁরা বিধিবদ্ধ বকেয়া, বকেয়া সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদির মতো সম্পত্তির ওপর বিধিবদ